Date: 17.11.2021

# কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

Course : GE-1

1st Semester


Pranab Kirtunia

Assistant Professor

Department of Philosophy

Bejoy Narayan Mahavidyalaya

West Bengal

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

## হেতু ও সাধ্য- এর মধ্যে ব্যাপ্তি সম্বন্ধের ভিত্তিতে অনুমানের বিভাগ:

কেবলান্বয়ী  অনুমান

কেবল-ব্যতিরেকী অনুমান

অন্বয়-ব্যতিরেকী অনুমান

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

নৈয়ায়িকরা কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানকে তিনটি শ্রেণীতে বিভক্ত করেছেন।

১) পূর্ববৎ অনুমান।

২) শেষবৎ  অনুমান।

৩) সামান্যতোদৃষ্ট অনুমান ।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

### পূর্ববৎ অনুমান।

কার্যকারণ  নিয়মানুসারে পূর্ববর্তী ঘটনাকে কারণ বলা হয় এবং পরবর্তী ঘটনাকে কার্য বলা হয়। যে অনুমানে পূর্ববর্তী ঘটনার ওপর ভিত্তি করে অনুবর্তী ঘটনাকে অনুমান করা হয় তাকে বলা হয় পূর্ববৎ অনুমান।  যেমন পূর্ববর্তী ঘটনা 'মেঘকে' দেখে,  অনুবর্তী ঘটনা 'বৃষ্টিকে' অনুমান করা হয়। অর্থাৎ যে অনুমানে জ্ঞাত কারণ থেকে বা  অজ্ঞাত কার্যকে অনুমান করা হয় তাকে বলা

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### শেষবৎ অনুমান:

যে অনুমানে জ্ঞাত কার্য থেকে বা অনুবর্তী ঘটনা থেকে অজ্ঞাত কারণ বা পূর্ববর্তী ঘটনাকে অনুমান করা হয় সেই অনুমানকে বলা হয় শেষবৎ অনুমান। যেমন – 'মাটি ভেজা' এই অভিজ্ঞতা বা জ্ঞাত ঘটনা থেকে যদি 'বৃষ্টি হয়েছে' এই অজ্ঞাত ঘটনাকে অনুমান করা হয় তাহলে এই অনুমানকে বলা হবে শেষবৎ অনুমান।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

**সামান্যতোদৃষ্ট অনুমানঃ** পূর্ব অভিজ্ঞতা ও সাদৃশ্যের ওপর নির্ভর করে সামান্যতোদৃষ্ট অনুমান করা হয়। এখানে পূর্ব অভিজ্ঞতায় প্রাপ্ত জ্ঞান এবং সাদৃশ্যের ভিত্তিতে অনুমান করা হয়। যেমন চাঁদের বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থান দেখে যখন আমরা অনুমান করি চাঁদ গতিশীল। তখন সামান্যতোদৃষ্ট অনুমান হয় ।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

**সামান্যতোদৃষ্ট অনুমানঃ** এখানে পূর্ব অভিজ্ঞতায় আমরা বিভিন্ন সময়ে চাঁদের বিভিন্ন অবস্থান দেখেছি এবং আমরা এই বিষয়ে জ্ঞাত যে যেসকল বস্তু এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরিত হয় সেই সকল বস্তু গতিশীল। তাই আমরা চাঁদের স্থান পরিবর্তনকে লক্ষ্য করে সহজেই অনুমান করি যে চাঁদ হল গতিশীল।

# কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

নৈয়ায়িকরা ব্যাপ্তি সম্বন্ধের ধরনের  ওপর ভিত্তি করে অনুমানকে তিন ভাগে বিভক্ত করেছেনঃ

কেবলান্বয়ী অনুমান

কেবল ব্যতিরেকী অনুমান

অন্বয়   ব্যতিরেকী অনুমান

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### কেবলান্বয়ী অনুমান:

কেবল অন্বয়ী দৃষ্টান্তের উপর নির্ভর করে যে অনুমান করা হয় সেই অনুমানকে বলা হয় কেবলান্বয়ী অনুমান। যেমন সকল জ্ঞেয়বস্তু হল নামযুক্তবস্তু । পট হল জ্ঞেয়বস্তু , পট হল নামযুক্ত। এখানে যে বস্তুই হোক না কেন সেটি যদি জ্ঞেয়বস্তু হয় তাহলে সেটা অবশ্যই নামযুক্ত হবে।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### কেবলান্বয়ী অনুমান:

এমন কোন দৃষ্টান্ত এই অনুমানে পাওয়া যাবে না যে বস্তুটি জ্ঞেয়বস্তু অথচ নাম যুক্ত নয়। অর্থাৎ যে অনুমানের ব্যাপ্তি সম্পর্ক কেবলমাত্র অন্বয় দৃষ্টান্তের উপর নির্ভরশীল সেই অনুমানকে বলা হয় কেবলান্বয়ী অনুমান।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### কেবল ব্যতিরেকী অনুমান:

যে অনুমানের ব্যাপ্তিসম্পর্ক কেবলমাত্র ব্যতিরেক দৃষ্টান্তের উপর নির্ভরশীল সেই অনুমানকে বলা হয় কেবল ব্যতিরেকী অনুমান। যেমন যা বহ্নিযুক্ত নয় সেটা ধূমবান নয়।

পাহাড়টি ধূমবান।

অতএব পাহাড়টি বহ্নিমান।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### কেবল ব্যতিরেকী অনুমান:

এখানে হেতু ও সাধ্য অর্থাৎ ধূম ও বহ্নির ব্যাপ্তি সম্পর্ক কেবলমাত্র ব্যতিরেক দৃষ্টান্তের উপর নির্ভর করেই প্রতিষ্ঠিত তাই এই অনুমানকে বলা হয় কেবল ব্যতিরেকী অনুমান।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

### অন্বয়-ব্যতিরেকী অনুমান:

যে অনুমানের ব্যাপ্তি সম্বন্ধ অন্বয় ও ব্যাতিরেকী দৃষ্টান্তের ওপর নির্ভর করে গড়ে ওঠে সেই অনুমানকে অন্বয়–ব্যাতিরেকী অনুমান বলা হয়। অর্থাৎ এই অনুমানে যেমন অন্বয় দৃষ্টান্ত আছে তেমনি ব্যাতিরেকী দৃষ্টান্তও আছে।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

### অন্বয়-ব্যতিরেকী অনুমান:

যেমন যা ধূমবান তা  বহ্নিমান ।

পাহাড়টি ধূমবান ।

অতএব পাহাড়টি  বহ্নিমান ।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

## অন্বয়-ব্যতিরেকী অনুমান:

আবার

যা বহ্নিযুক্ত নয় সেটা ধূমবান নয়।

পাহাড়টি ধূমবান ।

অতএব পাহাড়টি বহ্নিমান ।

অর্থাৎ অন্বয়ব্যাপ্তি ও ব্যতিরেকীব্যাপ্তি– উভয়ের মিলিত প্রয়াসে অন্বয়–ব্যতিরেকী অনুমান প্রতিষ্ঠিত।

## কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে অনুমানের প্রকার:

- যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:
- 19) পূর্ববৎ অনুমান কাকে বলে?
- 20) শেষবৎ অনুমান কাকে বলে?

# কার্যকারণ সম্বন্ধের ওপর ভিত্তি করে  অনুমানের প্রকার:

- যে  প্রশ্নগুলো  আলোচনা  করা  হয়েছে:
- 1) পূর্ববৎ অনুমান কাকে বলে?
- 2) শেষবৎ  অনুমান কাকে বলে?
- 3) সামান্যতোদৃষ্ট অনুমান কাকে বলে?
- 4) কেবলান্বয়ী অনুমান কাকে বলে?
- 5) কেবল ব্যতিরেকী অনুমান কাকে বলে?
- 6) অন্বয়   ব্যতিরেকী অনুমান কাকে বলে?

# সহায়ক গ্রন্থসমূহ


ন্যায় দর্শন  ফণিভূষণ তর্কবাগীশ – পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

ন্যায় বৈশেষিক দর্শন,  করুনা ভট্টাচার্য ।

ভারতীয় দর্শন,  নীরদবরণ চক্রবর্তী।

ভারতীয় দর্শন,  এন মুখার্জি, কলকাত,  বাণী প্রকাশন

ভারতীয় দর্শন,  সুতপা বসু,  কলকাতা,   শ্রীধর প্রকাশনী

ভারতীয় দর্শন, সমরেন্দ্র ভট্টাচার্য